গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৭ নং সদরপুর ইউনিয়ন পরিষদ

সদরপুর, ফরিদপুর।

# ইউনিয়ন উন্নয়ন সমম্বয় সভার কার্যবিবরনী

সভাপতি ঃ জনাব কাজী জাফর, চেয়ারম্যান, সদরপুর ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর।
স্থান ঃ ইউনিয়ন পরিষদ সভাকক্ষ
সভার তারিখ ঃ ২৫/০৯/২০২৩ ইং
সময় ঃ বেলা ৯:৩০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা ঃ (পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য )

অদ্য ২৫/০৯/২০২৩ ইং তারিখে সদরপুর ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব কাজী জাফরের সভাপতিত্বে সদরপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সদরপুর ইউনিয়ন উন্নয়ন সমম্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউপি সচিব জনাব মশিউর রহমান বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করেন। অতঃপর উক্ত কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় সভায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয় । অতঃপর সভার অলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | বিভাগ/দপ্তর | আলোচনা | | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | কৃষি | সদরপুর ইউনিয়নে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তা জনাব মোঃ মনিরুল ইসলাম জানান জানান চলতি ২০২৩-২৪ ইং অর্থ বছরে সদরপুর ইউনিয়নের কৃষকদের মাঝে রবি শস্য ও সার বিতরণের জন্য ৪৫০ জনকে সরিষা, ২০ জনকে মসুর, ৬০ জনকে খেসাড়ী, ৫ জনকে মুগ, ৫ জনকে পেঁয়াজ, ১০ জনকে ভূট্টা,১৩০ জনকে গম, ৪০ জন কে চিনাবাদাম সহ মোট ৭২০ জন কৃষকের মাঝে কৃষি বীজ ও সার বিতরণ করা হবে। উপকারভোগীদের তালিকা প্রস্তুত করার জন্য এনআইডি কার্ড ও মোবাইল নম্বরসহ নামের তালিকা জমা দেয়া প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বর্তমান সরকারের ভূয়সী প্রশংসাসহ উপসহকারী কৃষি কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। কৃষি অধিদপ্তর হতে বরাদ্দকৃত সারও বীজ প্রকৃত চাষীদের মাঝে বিতরণের জন্য নামের তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | কৃষি অধিদপ্তর ও ইউনিয়ন পরিষদ। |
| ২ | শিক্ষা | সদরপুর ইউনিয়নের সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষার মানোন্নয়ন ও তদারকির দায়িত্বে নিয়োজিত সদরপুর উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার জনাব রবীন্দ্র নাথ দত্ত জানান তার ক্লাস্টারে শিক্ষকদের পাঠদান ও শিক্ষার্থীদের মানোন্নয়ন সন্তোষজনক। তিনি বিদ্যালয়ে আসা যাওয়ার রাস্তাঘাট নির্মাণ বা সংস্কারের জন্য তিনি চেয়ারম্যান সাহেবকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপবৃত্তির টাকা যাতে প্রতারক চক্রের মাধ্যমে হ্যাক না হয় সে বিষয়ে অভিভাবকদের সতর্কতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও ইউনিয়ন পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | স্বাস্থ্য | সদরপুর ইউনিয়নে কর্মরত সহকারী স্বাস্থ্য পরিদর্শক জনাব দিপালী রানী শীল জানান তিনি এবং তার অধীনস্থ স্বাস্থ্য সহকারীগন প্রতিনিয়ত সদরপুর ইউনিয়নের বাড়িতে বাড়িতে গিয়ে স্বাস্থ্য সেবা দিয়ে থাকেন। তারা শিশুদের ৬টি মারাত্মক রোগের প্রতিষেধক টিকা দিয়ে থাকেন। এসময় তারা সবাইকে শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য উৎসাহিত ও সবধরনের সহযোগিতা করে থাকেন। এছাড়া তারা যক্ষা, কুষ্ঠ রোগীদের পরামর্শ, ডায়রিয়া রোগীদের পরামর্শ, গর্ভবতী মায়েদের চেকআপসহ স্বাস্থ্যসেবা প্রদান, ১৫-৪৫ বছর বয়সীদের টিটি টিকা গ্রহন, ৩০-৬০ বছর বয়সী মহিলাদের জরায়ুমুখ ক্যান্সার থেকে রক্ষা পাওয়ার জন্য তারা টেস্টের পরামর্শ দিয়ে থাকেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য পরিদর্শকসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। মাঠ পর্যায়ে তাদের কাজে সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য অধিদপ্তর ও ইউনিয়ন পরিষদ |
| ৪ | পরিবার কল্যান | সভায় সদরপুর ইউনিয়ন পরিষদে কর্মরত পরিবার কল্যান পরিদর্শক জনাব মোঃ আবু জাফর মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক আলোচনা করেন। তিনি জানান তিনি বা তার অধীনস্থ পরিবার কল্যান সহকারীগন মূলতঃ গর্ভনিরোধক বিভিন্ন পদ্ধতি অবলম্বনের জন্য মাঠ পর্যায়ে কাজ করে থাকেন। যেমন-<br>১। দীর্ঘ মেয়াদী পদ্ধতি (ক) আই ইউ ডি, (খ) ইমপ্ল্যান্ট, (গ) পুরুষ বন্ধ্যাকরণ, (ঘ) মহিলা বন্ধ্যাকরণ।<br>২। স্বল্প মেয়াদী পদ্ধতি (ক) খাবার বড়ি, (খ) কনডম, (গ) ইনজেকশান । | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিবার কল্যান পরিদর্শক জনাব মোঃ আবু জাফরকে ধন্যবাদ জানানো হয়। মাঠ পর্যায়ে তাদের কাজকে আরো গতিশীল করা পরামর্শ দেওয়া হয়। বিশেষভাবে ০-১ বছরের শিশুর জন্ম নিবন্ধন করার জন্য অভিভাবকদের উৎসাহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও ইউনিয়ন পরিষদ |
| ৫ | জনস্বাস্থ্য | সদরপুর উপজেলা উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ও সদরপুর ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার জনাব মোঃ জামাল শেখ তার বক্তব্যে বলেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের দাপ্তরিক কাজ চলমান আছে। সদরপুর ইউনিয়নে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের কাজ শেষ হয়েছে। পাটিশতল নির্মাণ কাজ চলমান আছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প হতে ২০২২-২৩ অর্থ বছরে অত্র ইউনিয়নে ২৬ টি গভীর নলকূপের সাইট লিষ্ট পাওয়া গেছে। এসব কাজ চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনা শেষে উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কে ধন্যবাদ জানানো হয় | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও ইউনিয়ন পরিষদ। |
| ৬ | প্রাণি সম্পদ | সদরপুর উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের ভেটেরিনারী ফিল্ড এ্যাসিস্ট্যান্ট (কৃত্রিম প্রজনন) জনাব আক্তার হোসেন জানান তিনি গবাদী পশুর কৃত্রিম প্রজনন , হাঁস- মুরগি ও অন্যান্য গবাদি পশুর টিকা প্রদানসহ চিকিৎসা সেবা দিয়ে | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর মাঠ পর্যায়ে তাদের কাজকে আরো গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয় ও ইউনিয়ন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | থাকেন। আমরা সার্বক্ষনিক চিকিৎসা সেবা ও পরামর্শ দিয়ে থাকি। | | পরিষদ। |
| ৮ | বিবিধ | সভায় সভাপতি সাহেব জানান বর্তমানে রাজধানী ঢাকা সহ সারাদেশে ডেঙ্গু রোগের ব্যাপক বিস্তার লাভ করেছে। ইতোমধ্যে দেশের দুই শতাধিক লোক ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে মারা গিয়াছে। এছাড়া তিনি সভায় রউপস্থিত সকলকে বর্তমা মৌসুমে ফলজ, বনজ গাছের চরা রোপনের জন্য উদ্বুদ্ধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সবার মাঝে স্বাস্থ্য সচেনতা ও বৃক্ষ রোপনের গুরুত্ব সম্পর্কে ব্যাপক প্রচারনা চালানোর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য অধিদপ্তর ও ইউনিয়ন পরিষদ। |

অতঃপর সভায় অন্যকোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সাহেব সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫।০৯।২৩

কাজী জাফর
চেয়ারম্যান
৭নং সদরপুর ইউনিয়ন পরিষদ
সদরপুর, ফরিদপুর।

স্মারক নং- সইপ/সদর/২০২৩- ৫৪/১(৫) তারিখঃ ২৫/০৯/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। জেলা প্রশাসক, ফরিদপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
৪। অফিস নথি।

২৫।০৯।২৩

কাজী জাফর
চেয়ারম্যান
৭নং সদরপুর ইউনিয়ন পরিষদ
সদরপুর, ফরিদপুর।

পরিশিষ্ট — ক

# ০৭ নং সদরপুর ইউনিয়ন পরিষদ

সদরপুর,ফরিদপুর

## ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (ইউডিসিসি)

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষরঃ সভার তারিখঃ ২৫/০৭/২০২৩ খ্রি.

| ক্রমিক নং | নাম | পরিচয় | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | কাজী জাফর | ইউ,পি চেয়ারম্যান | সভাপতি | |
| ০২ | আশা আক্তার | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৩ | রহিমা বেগম | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৪ | ফাহিমা বেগম | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৫ | মোঃ আরিফ মোল্লা | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৬ | মোঃ হাফিজুর | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৭ | মোঃ ইদ্রিস আলী | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৮ | শাহাদাত হোসেন | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৯ | মোঃ আবুল হোসেন | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১০ | মোঃ বাবুল বেপারী | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১১ | আঃ রব মোল্লা | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১২ | হানিফ শিকদার | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১৩ | আবু সাঈদ | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১৪ | মোঃ ওজিউল্লাহ খান | উপ-সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য | |
| ১৫ | রবীন্দ্রনাথ দত্ত | সহকারী উপজেলা প্রাথমিক কর্মকর্তা | সদস্য | |
| ১৬ | মোঃ মনিরুল ইসলাম | উপ-সহকারী কৃষি কর্মকর্তা, | সদস্য | |
| ১৭ | মোঃ জিন্নাত | ভেটেরিনারী ফিল্ড এ্যাসিস্ট্যান্ট | সদস্য | |
| ১৮ | আক্তার হোসেন | ভেটেরিনারী ফিল্ড এ্যাসিস্ট্যান্ট (কৃত্রিম প্রজনন) | সদস্য | 25.7.23 |
| ১৯ | মোঃ মেহেদী হাসান | ফিল্ড এ্যাসিস্ট্যান্ট, মৎস্য কর্মকর্তা | সদস্য | |
| ২০ | মোঃ আরিফুল ইসলাম | উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য | |
| ২১ | মোঃ জুলফিকার শরীফ | স্বাস্থ্য পরিদর্শক | সদস্য | |
| ২২ | দিপালী রানী | সহকারী স্বাস্থ্য পরিদর্শক | সদস্য | |
| ২৩ | মোঃ আবু জাফর | পরিবার কল্যান পরিদর্শক | সদস্য | |
| ২৪ | নুরুন্নাহার | পরিবার কল্যান সহকারী | সদস্য | |

| ক্রমিক নং | নাম | পরিচয় | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৫ | ইতিকা রানী পোদ্দার | ইউনিয়ন সমাজ কর্মী | সদস্য | |
| ২৬ | মোঃ নাইম তালুকদার | ইউনিয়ন দলনেতা, আনসার ও ভিডিপি | সদস্য | নাইম |
| ২৭ | রুহুল আমিন | টিউবওয়েল মেকানিক, জনস্বাস্থ্য প্রঃ | সদস্য | |
| ২৮ | এইচ এম ওয়াহিদুর রহমান | কমিউনিটি অর্গানাইজার, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য | |
| ২৯ | চায়না রানী মজুমদার | মাঠ সংগঠক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য | চায়না |
| ৩০ | মোঃ লিটন হাওলাদার | সভাপতি, চরব্রাহ্মন্দী উচ্চ বিদ্যালয় | সদস্য | |
| ৩১ | আবুল কালাম আজাদ | সভাপতি, চরব্রাহ্মন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয় | সদস্য | |
| ৩২ | টিপু সুলতান | এনজিও প্রতিনিধি | সদস্য | টিপু সুলতান |
| ৩৩ | মোঃ ইমারত হোসেন | গ্রাম সংগঠনের প্রতিনিধি | সদস্য | ইমারত |
| ৩৪ | ডাঃ ফিরোজ মাহমুদ | ব্যাবসায়ী, সদরপুর বাজার | সদস্য | |
| ৩৫ | হাফেজ আবুল বাসার | ইমাম | সদস্য | |
| ৩৬ | হেনোয়ারা বেগম | নারী প্রতিনিধি | সদস্য | হেনোয়ারা |
| ৩৭ | হাসি বেগম | নারী প্রতিনিধি | সদস্য | হাসি আক্তার |
| ৩৮ | মোঃ জামাল শেখ | ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার | সদস্য | |
| ৩৯ | মশিউর রহমান | ইউনিয়ন পরিষদ সচিব | সদস্য-সচিব | |